



স্মারক নং: ০৫.৪৫.৬১৩১.০০২.০১.০০৯.২০- ২০৮

তারিখ: ১৩ বৈশাখ ১৪৩০  
২৬ এপ্রিল ২০২৩


**নিয়োগ বিজ্ঞপ্তি**

ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নবর্ণিত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম	পদের সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা
০১	পেশ ইমাম	০১ জন	১৫,০০০/- টাকা	(ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রি/দাওরায়ে হাদিস পাস। কোনো প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে কিরাত -এর ওপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত। হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবেন। (গ) আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
০২	মুয়াজ্জিন	০১ জন	১০,০০০/- টাকা	(ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/ প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে/মুয়াজ্জিন হিসেবে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে কিরাত এর ওপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।
০৩	খাদিম	০২ জন	৭,৫০০/- টাকা	(ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। (খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে/খাদিম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

**শর্তাবলী:**


- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীকে (ক) নাম (খ) পিতার নাম (গ) স্থায়ী ঠিকানা(ঘ) বর্তমান ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয়তা (ছ) শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা উল্লেখপূর্বক খ-হস্তে সাদা কাগজে আবেদন করতে হবে ও মোবাইল নম্বর দিতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রসমূহ সংযুক্ত করতে হবে।  
ক) পৌরসভা/ ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।  
খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সাদা তোলা পাসপোর্ট সাইজের ছবি ০৩ (তিন) কপি  
গ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।  
ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।  
ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।
- আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ বরাবর আগামী ১১.০৫.২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে/সরাসরি পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিজনিত ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। খামের উপর পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।
- বাহ্যিকৃত প্রার্থীদের পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে অবহিত করা হবে।
- আবেদনকারীকে আবেদনপত্রের সাথে ১০০/- (একশত) টাকা মূল্যের অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ বরাবরে দাখিল করতে হবে।
- কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবে না। একাধিক পদে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- কোন তথ্য গোপন করে চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলে বিষয়টি প্রমাণ সাপেক্ষে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- যে কোন প্রকার তদবির /সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে শারীরিক সুস্থতা সম্পর্কে উপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে।
- আবেদনপত্র গ্রহণ, বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যেকোন অংশে পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

  
মোসাঃ হাফিজা জেসমিন  
উপজেলা নির্বাহী অফিসার  
ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ  
ও  
সভাপতি  
উপজেলা মডেল মসজিদ পরিচালনা কমিটি  
ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।

তারিখ :

নুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে-

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৩, ময়মনসিংহ(ঈশ্বরগঞ্জ)
- ২। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ৪। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ময়মনসিংহ।
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
- ৬। মেয়র, ঈশ্বরগঞ্জ পৌরসভা, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
- ৭। উপজেলা ..... অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
- ৮। চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ (সকল) ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
- ৯। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
- ১০। বিজ্ঞাপন ম্যানেজার, ..... দরপত্র বিজ্ঞপ্তিটি পরবর্তী সংখ্যায় তাঁর পত্রিকায় ১(এক) দিনের জন্য ছাপানোর ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হ'ল।
- ১১। জনাব ..... ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
- ১২। অফিস কপি।

  
২৬/৪/২০২৩  
উপজেলা নির্বাহী অফিসার  
ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।